55

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 08 NOV 1997 ..
পৃষ্ঠা ১১ কলাম ১

# আগামী বছর কলম্বোতে দশম সার্ক সম্মেলন অনুষ্ঠিত হবে

কূটনৈতিক রিপোর্টার

দশম সার্ক সম্মেলন আগামী বছর শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত হতে পারে। সার্ক দেশভুক্ত পররাষ্ট্রমন্ত্রীরা (কাউন্সিল অব মিনিস্টারস) আগামী ২৯-৩০ নবেম্বর মালদ্বীপের রাজধানী মালেতে মিলিত হবেন। সার্ক চেয়ারপার্সন এবং মালদ্বীপের প্রেসিডেন্ট মামুন আব্দুল গাইয়ুম তাঁদের বৈঠক উদ্বোধন করবেন। গত মে মাসে মালেতে অনুষ্ঠিত সার্ক শীর্ষ সম্মেলনের গৃহীত পদক্ষেপের অগ্রগতি নিয়ে মন্ত্রীরা পর্যালোচনা করবেন।

পরবর্তী সার্ক সম্মেলন আগামী বছর কলম্বোতে অনুষ্ঠানের ব্যাপারে যে প্রস্তাব রয়েছে পররাষ্ট্রমন্ত্রীরা সেই প্রস্তাব সিদ্ধান্ত আকারে চূড়ান্ত করবেন এবং দিন-তারিখ ঠিক করবেন। মন্ত্রীদের এই বৈঠক হবে ১৯তম কাউন্সিল বৈঠক।

মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রীর সফর বাতিল

মালয়েশিয়ার ডেপুটি প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম শনিবার থেকে তিন দিনের জন্য বাংলাদেশ সফরের যে পরিকল্পনা করেছিলেন তা আপাতত বাতিল হয়েছে বলে জানা গেছে।

মালয়েশিয়ার অর্থনৈতিক পরিস্থিতির কারণে তিনি তাঁর সফর বাতিল করেছেন। উল্লেখ্য, আনোয়ার ইব্রাহিম একই সর্ব্রে মালয়েশিয়ার অর্থমন্ত্রীর দায়িত্বও পালন করছেন।